দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... JAN 15 2000 ..
পৃষ্ঠা কলাম

# চট্টগ্রামের স্কুলগুলোতে ভর্তিযুদ্ধ আজ শুরু
## তদ্বির ও সুপারিশে কর্তৃপক্ষ বিপাকে

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** তীব্র প্রতিযোগিতার মধ্যদিয়ে আজ শনিবার থেকে চট্টগ্রাম মহানগরীর নামী-দামী স্কুলগুলোতে ভর্তিযুদ্ধ শুরু হচ্ছে। সরকারী স্কুলের ৪র্থ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত প্রায় সাড়ে ৮শ' শূন্য আসনের বিপরীতে প্রায় ৭ হাজার ছাত্রছাত্রী ভর্তিযুদ্ধে নামছে। প্রতিটি আসনের গড় প্রার্থী ৮ জন। বেসরকারী স্কুলের মধ্যে সর্বশীর্ষে অবস্থানকারী ইস্পাহানী পাবলিক স্কুল এ্যান্ড কলেজে ষষ্ঠ শ্রেণীতে প্রতিটি শূন্য আসনের জন্য গড়ে প্রায় ২২ জন এবং ৮ম শ্রেণীতে প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় ৩৫ ছাত্রছাত্রী ভর্তি প্রতিযোগিতায় অবতীর্ণ হচ্ছে। সন্তানদের ভর্তিকে কেন্দ্র করে অভিভাবক মহলের উদ্বেগ-উৎকণ্ঠার অন্ত নেই। এদিকে নামী-দামী সরকারী স্কুলগুলোতে ভর্তিকে কেন্দ্র করে স্কুলপ্রধানের কাছে তদ্বিরের পাহাড় জমেছে। প্রশাসনিক কর্মকর্তা, এমপি-মন্ত্রীদের স্বাক্ষর-যুক্ত সুপারিশ নিয়ে স্কুলের প্রধান শিক্ষক-শিক্ষিকারা মহাবিপাকে পড়েছেন বলে একটি স্কুলের প্রধান শিক্ষক জানিয়েছেন। এমনকি সচিবালয় থেকে অন্তত শতাধিক সুপারিশ এসেছে।

সরকারী স্কুলগুলোর মধ্যে সর্বাধিক প্রতিযোগিতা হচ্ছে ডাঃ খাস্তগির উচ্চ বালিকা বিদ্যালয়ে। এই স্কুলে কেবলমাত্র ৪র্থ শ্রেণীতে ১২০টি আসনের বিপরীতে দেড় সহস্রাধিক ছাত্রী প্রতিদ্বন্দ্বিতা করছে। প্রতিটি আসনে গড় প্রার্থী ১২ জন। দ্বিতীয় স্থানে রয়েছে কলেজিয়েট হাই স্কুল। এই স্কুলে ষষ্ঠ শ্রেণীতে ২০০ আসনের বিপরীতে প্রায় ১৫ শ' এবং ৯ম শ্রেণীতে ৩০টি আসনের বিপরীতে প্রায় ৬শ' প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছে। প্রতিটি আসনের জন্য গড়ে প্রায় ১০ ছাত্র ভর্তিযুদ্ধে নামছে। এ ছাড়া নাসিরাবাদ সরকারী উচ্চ বালক বিদ্যালয়ে দুই শিফটে ৫ম শ্রেণীতে ১০৫টি আসনের বিপরীতে সাড়ে ৫শ' এবং ষষ্ঠ শ্রেণীতে ১০০টি আসনের বিপরীতে প্রায় ৮শ' ছাত্র ভর্তি ফরম জমা দিয়েছে। চট্টগ্রাম সরকারী স্কুলে ৫ম শ্রেণীতে ১শ'টি আসনের বিপরীতে প্রায় ৭শ' ছাত্র প্রতিদ্বন্দ্বিতা করছে। নাসিরাবাদ বালিকা বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ১২০টি আসনের বিপরীতে প্রায় সাড়ে ৬শ' এবং বাকলিয়া সরকারী উচ্চ বালক বিদ্যালয়ে ৫ম শ্রেণীতে ৬০টি আসনের বিপরীতে প্রায় ৫শ' ও ষষ্ঠ শ্রেণীতে মাত্র ৭টি আসনের জন্য প্রায় ২শ' ছাত্র ভর্তির আবেদন করেছে। এর মধ্যে ডাঃ খাস্তগির স্কুল, চট্টগ্রাম সরকারী স্কুল, নাসিরাবাদ বালক বিদ্যালয়ের ৫ম শ্রেণীর এবং বাকলিয়া বিদ্যালয়ের ৫ম শ্রেণীর পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হবে। নাসিরাবাদ বালিকা বিদ্যালয়, বাকলিয়া বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণী, কলেজিয়েট হাই স্কুল এবং নাসিরাবাদ বালক বিদ্যালয়ের ষষ্ঠ শ্রেণীর ভর্তি পরীক্ষা কাল রবিবার অনুষ্ঠিত হবে।

এ ছাড়া অন্যতম বেসরকারী বিদ্যালয় ইস্পাহানী পাবলিক স্কুল এ্যান্ড কলেজে ষষ্ঠ শ্রেণীতে ৪০টি আসনের বিপরীতে প্রায় ৭শ' এবং ৮ম শ্রেণীতে মাত্র ৫টি আসনের বিপরীতে প্রায় পৌনে ২শ' ছাত্রছাত্রী ভর্তিযুদ্ধে লিপ্ত হচ্ছে। এই স্কুলের পরীক্ষা আজ শনিবার অনুষ্ঠিত হবে।